# জে এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.

রাষ্ট্রপতি → বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

↓

উপ-রাষ্ট্রপতি → সৈয়দ নজরুল ইসলাম

↓

প্রধানমন্ত্রী → তাজউদ্দিন আহমদ

ক. কত তারিখে স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়? ১

খ. ৭ই মার্চের ভাষণের ১টি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন সরকারের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমাদের মুক্তিযুদ্ধ পরিচালনায় উদ্দীপকের সরকারের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২. শিক্ষা সফরে 'ক' স্কুলের শিক্ষার্থীরা সোনারগাঁও এ যায়। সেখানে তারা অনেক স্থাপত্য নিদর্শন দেখতে পায়। এগুলোর জীর্ণ দশা দেখে তারা অনুভব করে ইতিহাস ঐতিহ্য রক্ষার জন্য স্থাপত্য নির্দশনগুলোর সংস্কার প্রয়োজন।

ক. রবীন্দ্রনাথের কুঠিবাড়ি কোথায় অবস্থিত? ১

খ. প্রত্নসম্পদ বলতে কী বোঝায়? ২

গ. 'ক' স্কুলের শিক্ষার্থীদের ভ্রমণকৃত এলাকার স্থাপত্যরীতি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত স্থাপত্য নিদর্শনগুলো সংরক্ষন ও সংস্কার করা উচিত।'- বিশ্লেষণ করো। ৪

৩. ফাহিম, নাইম ও মহিম তিন ভাই। ফাহিম বাবার রেখে যাওয়া বিশাল আম বাগানে ক্রমান্বয়ে উৎপাদন বৃদ্ধি করে যাচ্ছে। নাইম, ছোট ভাই মহিমের বিদেশ থেকে প্রেরিত অর্থ দিয়ে একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেছে। যেখানে কাঁচামালের বেশির ভাগই আসে নিজস্ব খামার থেকে।

ক. কর্ণফুলী কাগজের কলে ব্যবহৃত প্রধান কাঁচামাল কী? ১


খ. কোনো দেশের উৎপাদন ও আয় বৃদ্ধির লক্ষ্য বর্ণনা করো। ২

গ. নাইমের কর্মকাণ্ড জাতীয় আয়ের যে খাতের অন্তর্ভুক্ত তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. মহিমের কর্মকাণ্ড দেশের অর্থনৈতিক উন্নয়নে আর কীভাবে ভূমিকা রাখছে বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৪. প্রদত্ত ছকের সাহায্যে নিচের প্রশ্নের উত্তর দাও:





ক. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি কয়টি? ১

খ. সংবিধানকে রাষ্ট্র পরিচালনার দলিল বলা হয় কেন? ২

গ. প্রদত্ত ছকের '?' চিহ্নিত সংস্থাটির গঠন কাঠামো ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকে উল্লিখিত কাজ ছাড়াও উক্ত সংস্থা আরো কার্যক্রম পরিচালনা করে কি? তোমার মতামত দাও। ৪

৫.





ক. দুর্যোগ কয় ধরনের? ১

খ. বৈশ্বিক উষ্ণায়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে প্রশ্ন চিহ্নিত C এর করণীয় কী তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের 'A' এর কাজ প্রাণহানি ও ক্ষয়ক্ষতির পরিমাণ কমাতে সক্ষম' — মতামত দাও। ৪

৬.




ক. জনসংখ্যা নীতি কী? ১

http://teachingbd.com

খ. বাংলাদেশের জনসংখ্যানীতির ২টি উদ্দেশ্য লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ২ ও ৩নং উদ্যোগের মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি পদক্ষেপ ব্যাখ্যা কর। ৩

ঘ. "জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি পদক্ষেপে নারীর গুরুত্ব সর্বাধিক"— ১ ও ৪নং ক্ষেত্রের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭. রবিনের বয়স ১৪ বছর। তার মা-বাবা উভয়ই দিনমজুর। সে বাস ও রেলস্টেশনে কাগজ কুড়ায়। সে মনের দুঃখ থেকেই ধূমপান শুরু করে। মাঝে মাঝে সে চাকু দেখিয়ে যাত্রীদের টাকা পয়সা লুট করে।

ক. আমাদের দেশে কিশোর অপরাধের প্রধান কারণ কী? ১

খ. কিশোর অপরাধ দমনে শিক্ষার সুযোগের গুরুত্ব কতটুকু— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যাটি বিবৃত হয়েছে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. রবিন কীভাবে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে— তোমার মতামত দাও। ৪

৮. জামান কয়েকটি শিল্পকারখানা পরিদর্শন করার জন্য নারায়ণগঞ্জ গিয়েছে। একটি কারখানায় সে কার্পেট, ব্যাগ ও অন্যান্য সামগ্রী দেখে। অন্য আরেকটি কারখানায় সে অনেকগুলো নারীকে কাজ করতে দেখে। সে জানতে পারে এই কারখানায় উৎপাদিত পণ্যের বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে।

ক. ২০১১-২০১২ অর্থবছরে কী পরিমাণ সিমেন্ট উৎপাদন করা হয়? ১

খ. মৎস্য সম্পদের সাথে জীবিকা অর্জনের সম্পর্ক বর্ণনা করো। ২

গ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলোর ভূমিকা আলোচনা করো। ৩

ঘ. তুমি কি মনে করো বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে উক্ত শিল্পগুলোই যথেষ্ট? যুক্তি দেখাও। ৪

৯. সংস্থা-১ : প্যারিসে সদর দপ্তর। বর্তমানে সদস্য সংখ্যা ১৮৯টি রাষ্ট্র।

সংস্থা-২: ১৯৪৮ সালের ৭ই এপ্রিল গঠিত হয়। জেনেভা শহরে সদর দপ্তর অবস্থিত।

ক. জাতিসংঘ কত সালে গঠিত হয়? ১

খ. 'ভেটো ক্ষমতা' বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশে 'সংস্থা-২' এর কার্যক্রম ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সংস্থা-১' বাংলাদেশের ঐতিহ্য সংরক্ষণে ভূমিকা রাখে— বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা   বিষয় কোড: ১ ৫ ০

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. বাংলার কোন অংশ মোগলরা সহজে দখল করতে পারে নি?
ক) পূর্ব অংশ   খ) পশ্চিম অংশ
গ) উত্তর অংশ   ঘ) দক্ষিণ অংশ

২. ১৬৮৭ থেকে ১৬৯০ সাল পর্যন্ত মোগল-ইংরেজদের মাঝে কয়েকটি যুদ্ধ হয়। এ যুদ্ধগুলোর পেছনে ইংরেজদের উদ্দেশ্য ছিল—
i. শিক্ষা বিস্তার
ii. প্রশাসনিক ব্যবস্থা পরিবর্তন
iii. কুঠি ও কারখানা তৈরি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩. ইংরেজদের এদেশে শিক্ষা বিস্তারের উদ্দেশ্য ছিলো—
ক) বাণিজ্য বিস্তার করা
খ) আয় বৃদ্ধি করা
গ) শাসন স্থায়ী করা
ঘ) জনকল্যাণ করা

৪. বঙ্গবন্ধু কোন শব্দ ব্যবহার করে ভবিষ্যৎ নতুন রাষ্ট্রের নামকরণ চূড়ান্ত করেন?
ক) পূর্ব বাংলা   খ) পূর্ব পাকিস্তান
গ) বাংলাদেশ   ঘ) বঙ্গাদেশ

৫. ২৫শে মার্চ বঙ্গবন্ধুকে কোথা হতে গ্রেফতার করা হয়?
ক) বঙ্গভবন   খ) ধানমন্ডির ৩২ নং বাসা
গ) শ্যামলী   ঘ) ধানমন্ডি ৫ নং

৬. ২৫শে মার্চ মধ্যরাতে পাকবাহিনী হামলা চালায়—
i. ইপিআর দপ্তরে   ii. আনসার ব্যারাকে
iii. যশোর সেনানিবাসে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৭. আরাকান রাজসভায় বাংলা সাহিত্যচর্চার ইতিহাস লিখেছেন কে?
ক) কাজী মোতাহের হোসেন
খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ) ড. মুহম্মদ এনামুল হক
ঘ) শওকত আলী

৮. বাংলায় উৎপন্ন উল্লেখযোগ্য কাপড়ের অন্তর্ভুক্ত হলো—
i. হামাম   ii. মলমল
iii. দুরিয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৯. 'শ্রেষ্ঠ তরু এই শরীর, পাঁচটি তার ডাল। চঞ্চল চিত্তে কাল প্রবেশ করে।' উক্তিটির তাৎপর্য কী?
ক) শরীরের পাঁচ ইন্দ্রিয় ও তাদের ধ্বংসের কারণ
খ) শরীরের পাঁচ ইন্দ্রিয়ের গুরুত্ব
গ) শরীরের পাঁচ ইন্দ্রিয় ব্যবহারের উপায়
ঘ) পরকালীন জগতের গুরুত্ব

১০. কত খ্রিস্টাব্দে ইংরেজদের বিরুদ্ধে ভারতীয় সৈন্যরা বিদ্রোহ করে?
ক) ১৮৫০   খ) ১৮৫৭
গ) ১৮৫৮   ঘ) ১৮৫৯

১১. পানামনগরের স্থাপত্যকলায় কোন স্থাপত্যের প্রভাব রয়েছে?
ক) মুঘল স্থাপত্য
খ) ইরানি স্থাপত্য
গ) আমেরিকান স্থাপত্য
ঘ) ফরাসি স্থাপত্য

১২. পানামনগরে এখনও টিকে রয়েছে—
i. সর্বমোট ৫২টি ইমারত
ii. পথের উত্তর পাশে ২১টি ইমারত
iii. পথের দক্ষিণ পাশে ২১টি ইমারত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১৩. প্রচার মাধ্যমগুলোর প্রচারণা কার মনে গভীর রেখাপাত করে?
ক) ব্যক্তির   খ) সমাজের
গ) সংগঠনের   ঘ) ধর্মীয় নেতার

১৪. মেধা ও চিন্তার বিকাশ ও পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে চলতে বর্তমানে কীসের কোনো বিকল্প নেই?
ক) টেলিভিশনের   খ) সংবাদপত্রের
গ) ই-মেইলের   ঘ) চলচ্চিত্রের


১৫. সামাজিকীকরণের মধ্য দিয়ে ব্যক্তি কীসের উপযোগী হয়ে গড়ে উঠে?
ক) শিক্ষা গ্রহণের
খ) নেতৃত্বের
গ) প্রত্যাশিত আচরণের
ঘ) সামাজিক শৃঙ্খলার

১৬. দেশজ উৎপাদন কী?
ক) দেশের অভ্যন্তরীণ মোট উৎপাদন
খ) দেশের অভ্যন্তরীণ জাতীয় উৎপাদন
গ) দেশের অভ্যন্তরীণ বার্ষিক উৎপাদন
ঘ) দেশের অভ্যন্তরীণ কোনো অঞ্চলের উৎপাদন

১৭. ২০১২-১৩ অর্থবছরে জাতীয় আয়ে পরিবহন ও যোগাযোগ খাতের অবদান কত ছিল?
ক) ১৪.২৬ শতাংশ   খ) ১০.৭৬ শতাংশ
গ) ১০.৮০ শতাংশ   ঘ) ১৫.৬৫ শতাংশ

১৮. জনগণের জীবনমানের উন্নয়নে সহায়ক হবে—
i. সুষ্ঠু পরিকল্পনা
ii. বিভিন্ন খাতের মধ্যে সমন্বয় সাধন
iii. আয়ের ভারসাম্য রাখা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:




১৯. প্রশ্নচিহ্নিত (?) স্থানে কী হবে?
ক) একনায়কতন্ত্র   খ) গণতন্ত্র
গ) রাজতন্ত্র   ঘ) প্রজাতন্ত্র

২০. এটিকে রাষ্ট্রীয় মূলনীতি করার ফলে রাষ্ট্রের সব কাজে—
ক) সমতা আসবে   খ) ঐক্য সৃষ্টি হবে
গ) নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত হবে
ঘ) সমান সুযোগ-সুবিধা নিশ্চিত হবে


Teachingbd.com

২১. স্বাধীনতার পর কত সালে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়?
ক ১৯৭১ খ ১৯৭২
গ ১৯৭৩ ঘ ১৯৭৪

২২. এক ব্যক্তির বা এক দলের শাসন কোন ধরনের সরকারের বৈশিষ্ট্য?
ক একনায়কতন্ত্র খ রাজতন্ত্র
গ গণতন্ত্র ঘ অভিজাততন্ত্র

২৩. হাইড্রো ক্লোরো ফ্লোরো কার্বন এর সংক্ষিপ্ত রূপ কী?
ক এইচসিএফসি খ সিএফসি
গ এইচসিএলএফ ঘ এইচসিএফএলসি

২৪. গ্রিনহাউস গ্যাসের অবস্থান কোথায়?
ক পাহাড়ের চারপাশে খ পৃথিবীর চারপাশে
গ সমুদ্রের চারপাশে ঘ চন্দ্রের চারপাশে

২৫.



চিত্রের A চিহ্নিত স্থানে কী বসবে?
ক প্রাকৃতিক দুর্যোগ
খ মনুষ্য সৃষ্ট দুর্যোগ
গ দুর্যোগ
ঘ মানুষের কর্মকাণ্ডের ফল

২৬. বেসরকারি উন্নয়ন সংস্থা বাংলাদেশে কখন তাদের কার্যক্রম শুরু করে?
ক ব্রিটিশ আমলে
খ পাকিস্তান আমলে
গ মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে
ঘ মুক্তিযুদ্ধের পরে

২৭. আমেরিকার মাথাপিছু আয় কত ডলার?
ক ৫১,১৬৩ মার্কিন ডলার
খ ৫২,৯৭০ মার্কিন ডলার
গ ৫৩,৯০০ মার্কিন ডলার
ঘ ৫৫,৯০৫ মার্কিন ডলার

২৮. বাদল সাহেব তাঁর পরিবারকে ছোট রাখতে চান, এজন্য তিনি কী করবেন?
ক যৌথ পরিবার থেকে ভিন্ন হওয়ার
খ পরিবার পরিকল্পনা গ্রহণ করা
গ কোনো সন্তান গ্রহণ না করা
ঘ বিবাহ না করা

**নিচের উদ্দীপকটি পড় ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজিবের পিতামাতার মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটায় রাজিব মা ছাড়া নিঃসঙ্গ হয়ে পড়ে। বাবার ব্যস্ততা রাজিবকে বাবার কাছ থেকে দূরে সরিয়ে দেয়। এভাবে একদিন রাজিব বন্ধুদের কু-পরামর্শে মাদক দ্রব্য গ্রহণ করতে শেখে ও মাদকাসক্ত হয়ে পড়ে।

২৯. রাজিবের মাদকাসক্তির পেছনে মূল কারণ—
i. পিতামাতার বিচ্ছেদ ও নিঃসঙ্গতা
ii. রাজিবের প্রতি পিতামাতার মনোযোগের অভাব
iii. রাজিবের বন্ধুপ্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. রাজিব কুপরামর্শে জড়িয়ে পড়ল কেন?
ক কৌতূহলী হয়ে
খ নিঃসঙ্গতা থেকে মুক্তি লাভের আশায়
গ পিতা-মাতার প্রতি ক্ষোভ প্রকাশে
ঘ পিতার প্রতি ক্ষোভ প্রকাশে

৩১. কখনও কখনও শিশু-কিশোরদের বন্ধু নির্বাচনে সমস্যা হয় কেন?
ক দরিদ্রতার কারণে খ হীনম্মন্যতার কারণে
গ পিতামাতার বার বার কর্মস্থল পরিবর্তন
ঘ ইন্টারনেটের অপব্যবহার

৩২. সাঁওতালরা চাষ করে—
i. তামাক ii. সরিষা
iii. আনারস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. চাকমাদের প্রধান খাদ্য কী?
ক রুটি খ খিচুড়ি
গ ভাত ঘ মুড়ি

৩৪. গারো সমাজে প্রধান কয়টি দল রয়েছে?
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি

৩৫. মানুষ, প্রাণী ও কীট-পতঙ্গসহ জীবজগৎ প্রকৃতির মধ্যে কীভাবে বেঁচে থাকে?
ক পারস্পরিক আলোচনার মাধ্যমে
খ একে অপরের সাথে যুদ্ধ করে
গ নিজের জীবন বিসর্জন দিয়ে
ঘ ভারসাম্য বজায় রেখে

৩৬. কোনটি বাংলাদেশের মূল্যবান প্রাকৃতিক সম্পদ?
ক মাটি খ নদ-নদী
গ বনভূমি ঘ গ্যাস

৩৭. সুষম খাদ্যের অভাব পূরণ হচ্ছে—
ক সমুদ্র সম্পদের মাধ্যমে
খ মৎস্য সম্পদের মাধ্যমে
গ প্রাণিজ সম্পদের মাধ্যমে
ঘ বনজ সম্পদের মাধ্যমে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৮—৪০ নং প্রশ্নের উত্তর দাও-**
জামান সাহেব একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের অধীনে বর্তমানে কঙ্গোতে কর্মরত আছেন। উক্ত প্রতিষ্ঠানের হয়ে তিনি এবং তার সহকর্মীরা কঙ্গোতে শান্তি প্রতিষ্ঠা করতে চান।

৩৮. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি হচ্ছে—
ক আসিয়ান খ ও আই সি
গ জাতিসংঘ ঘ ইউরোপীয় ইউনিয়ন

৩৯. শান্তি প্রতিষ্ঠা ছাড়া উক্ত প্রতিষ্ঠানটি অন্য যেসব কাজ করে থাকে সেগুলো হলো—
i. মানুষের মৌলিক অধিকার রক্ষা করা
ii. বিভিন্ন দেশের মধ্যে দ্বন্দ্ব নিরসন করা
iii. রাজনৈতিক আন্দোলনের জন্য নীতি গ্রহণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. বর্তমানে ফিলিস্তিন জাতিসংঘের সদস্য পদ লাভের জন্যে আবেদন করেছে। ফিলিস্তিনকে সদস্য হতে হলে কোন পরিষদের সদস্যপদ অবশ্যই লাভ করতে হবে?
ক নিরাপত্তা পরিষদ
খ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
গ সাধারণ পরিষদ
ঘ অছি পরিষদ

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com